# উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার হাজিরা সীট

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। সময় : ১২-০০ টা, তারিখ : ২৪-০৭-২০২৪ খ্রিঃ

| ক্র: নং | কর্মকর্তার নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোছাঃ মাহফুজা আকতার | মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি | |
| ২ | মোঃ গোলাম মোস্তফা | চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি. | সদস্য | |
| ৩ | বিবেকানন্দ রায় | চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. | সদস্য | |
| ৪ | সনাতন চন্দ্র রায় | চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. | সদস্য | |
| ৫ | মির্জা মনোয়ার হোসেন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য সচিব | |

CamScanner

# যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোছাঃ মাহফুজা আকতার
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

সভার তারিখ ঃ ২৪/০৭/২০২৪ খ্রিঃ

সময় ঃ সকাল ১২.০০ মিনিট

স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়
উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

আলোচ্য সূচী ঃ ১) চলমান যুব কার্যক্রম এবং কার্যক্রমের অগ্রগতি।
২) বিবিধ।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

অদ্যকার সভার সভাপতি মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতি মহোদয় উপজেলার যুব কার্যক্রম সভাকে জানানোর জন্য অনুরোধ করলে সভার সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আলোচ্য সূচী মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ক) প্রশিক্ষণ সংক্রান্ত ঃ অত্র উপজেলায় বেকার যুবদের দুই ধরণের প্রশিক্ষন প্রদান করা হয়। যথা- প্রাতিষ্ঠানিক প্রশিক্ষন ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ। নিধারিত ট্রেডে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষন জেলা কার্যালয় ও যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রদান করা হয় যার মেয়াদ ট্রেড ভেদে ০১ মাস থেকে ৬ মাস পর্যন্ত।<br>অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের আওতায় চাহিদা অনুয়ায়ী এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নির্ধারিত ৩৪ টি ট্রেডে ০৭ দিন মেয়াদী সংশ্লিষ্ট এলাকায় প্রশিক্ষণ ভেন্যু নির্বাচন করে প্রশিক্ষণ প্রদান করা হয়। চলতি অর্থবছরে প্রশিক্ষণ প্রাপ্ত মোট প্রশিক্ষণার্থী ৪২০ জন। শুরু থেকে এযাবৎ অপ্রাতিষ্ঠানিক ট্রেডে (রাজস্ব ও উন্নয়ন) মোট ৯৮৬৩ জন যুব/যুবমহিলা কে প্রশিক্ষণ প্রদান কার হয়েছে। | প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হলো। | সংশ্লিষ্ট দপ্তর |
| | খ) আত্মকর্মী সৃজন ঃ প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের ট্রেড সংশ্লিষ্ট বিষয়ে প্রকল্প গ্রহণের মার্ধ্যমে আত্মকর্মসংস্থানে সম্পৃক্ত হতে উদ্বুদ্ধ করা হয়ে থাকে। চলতি অর্থবছরের মোট আত্নকর্মী সৃজন ০৬ জন। শুরু থেকে এযাবৎ অত্র কার্যালয়াধীন ৪৮৩৮ জন যুব/যুব মহিলাকে প্রশিক্ষণ সংশ্লিষ্ট ট্রেডে উদ্বুদ্ধকরে প্রকল্প গ্রহণের মাধ্যমে আত্মকর্মী সৃজন করা হয়েছে। | আত্মকর্মী সৃজনের প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট দপ্তর |
| | গ) আত্নকর্মসংস্থানভিত্তিক ঋণ সংক্রান্ত তথ্য ঃ প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক উভয় ট্রেডে আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে অত্র উপজেলায় চলতি অর্থবছরে মোট ০ জনকে ০ টাকা ঋণ প্রদান করা হয়। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক উভয় ট্রেডে আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে অত্র উপজেলায় এযাবৎ মোট ৯৯৬ জন যুবকে প্রশিক্ষণ সংশ্লিষ্ট ট্রেডে ৩১০৭০৫০০/- টাকা ঋণ বিতরন করা হয়েছে। বিতরণকৃত ঋণের আদায়যোগ্য ২৯৫৫৪৬০০/- টাকা যার মধ্যে আদায়কৃত টাকার পরিমান ২৭৫৬৩৭৫৮/- টাকা আদায়ের হার ৯৩%।<br><br>ঘ) পরিবারভিত্তিক ঋণ সংক্রান্ত তথ্য ঃ চলতি অর্থবছরে ০ জন ঋণী কে ০ টাকা ঋণ প্রদান করা হয়েছে। পরিবারভিত্তিক ঋণ বিতরণ অত্র উপজেলায় এযাবৎ ২৮৫৫২ জন যুবকে প্রশিক্ষণ সংশ্লিষ্ট ট্রেডে ক্রমপুঞ্জিত মোট ১৩১২৮৭০০০/- টাকা ঋণ বিতরন করা হয়েছে। বিতরণকৃত ঋণের আদায়যোগ্য ১৩০৫০৯৪০০/- টাকা যার মধ্যে আদায়কৃত টাকার পরিমান ১২৯৬৯৩৭৩৯/- টাকা আদায়ের হার ৯৯%। | কমৃসংস্থান সৃষ্টির লক্ষ্যে চলমান ঋণ কার্যক্রম জোরদারকরার জন্য এবং আদায়ের হার ১০০% উন্নীত করার জন্য উদ্যোগ গ্রহণ করতে সংশ্লিষ্ট দের পরামর্শ প্রদান করা হলো। | সংশ্লিষ্ট দপ্তর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২ | বিবিধ ঃ অত্র উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর বেকার যুবদের বিভিন্ন বিষয়ে যেমন- যৌতুকের কুফল, বাল্যবিবাহ, মাদকের কুফল, ইভটিজিংসহ দেশপ্রেম সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কাজ করে যাচ্ছে। | যুব সংগঠন সমূহকে বেশী বেশী যুব কার্যক্রমে সম্পৃক্ত করে সমাজে ইতিবাচক সচেতনতা সৃষ্টি অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট দপ্তর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানীত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ মাহফুজা আকতার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

স্মারক নং ঃ ৩৪.০১.৯৪৮২.০০০.০৬.৭৭/২০২২-৩৭৬

তারিখ ঃ ২৪/০৭/২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৩। চেয়ারম্যান............................................ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৪। অফিস কপি।

২৪/০৭/২০২৪

(মির্জা মনোয়ার হোসেন)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও ।